



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)/Fax- 8189029

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৩৭০৬

তারিখ: ১৫/০৫/২০১৬ খ্রিস্টাব্দ।

প্রাপক,  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
উপজেলা-----  
জেলা-----।

বিষয়: প্রকল্পের মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের দৈনন্দিন কার্যক্রম নিয়মিত হালনাগাদকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের সুফলভোগী সদস্যদের জীবন বৃত্তান্ত, প্রশিক্ষণের তথ্য, ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় আমানতসহ প্রকল্প কার্যক্রমের সকল তথ্য সংরক্ষণ, হিসাব রক্ষনাবেক্ষণ এবং প্রকল্পের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যার কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকল্পভুক্ত কোন কোন উপজেলায় দৈনন্দিন কার্যক্রমের তথ্য সফটওয়্যারে নিয়মিত এন্ট্রি দেয়া হচ্ছে না। যার ফলে সে সকল উপজেলায় সফটওয়্যার (এমআইএস ও এআইএস) পিছনের তারিখে অবস্থান করছে। এতে প্রকল্পের উপজেলা দপ্তরের ম্যানুয়াল হিসাবের সাথে সফটওয়্যারের হিসাবের গরমিল হওয়াসহ হিসাব কার্যক্রমে বিশৃঙ্খলার আশঙ্কা সৃষ্টি হচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য নির্বিল্পে প্রকল্পের সফটওয়্যার বাস্তবায়ন/পরিচালনার জন্য ডেব্লটপ কম্পিউটারের বিকল্প হিসাবে বা লোড শেডিং কালে প্রকল্পের কাজে ব্যবহারের শর্তে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের অধীমের মাধ্যমে ল্যাপটপ সরবরাহ করা হলেও লক্ষ্য করা যাচ্ছে, কোন কোন সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ল্যাপটপটি অফিসের কাজে ব্যবহার না করে বাসায় রেখে ব্যক্তিগত কাজে ব্যবহার করছেন। ফলে মাইক্রো-ফাইন্যান্স সফটওয়্যারে উপজেলার দৈনন্দিন কার্যক্রমের তথ্য নিয়মিতভাবে এন্ট্রি পূর্বক Day End না করায় সফটওয়্যার হালনাগাদ রাখা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যার সফল বাস্তবায়নের স্বার্থে অধীমের মাধ্যমে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সরবরাহকৃত ল্যাপটপটি সার্বক্ষণিক প্রকল্পের কাজে ব্যবহারের জন্য নির্দেশনা প্রদান করা হ'ল। একই সাথে প্রকল্পের মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যার হালনাগাদ রাখার লক্ষ্যে সফটওয়্যারে দৈনন্দিন কার্যক্রম যথাযথভাবে এন্ট্রি শেষে নিয়মিত Day End করাসহ মে/২০১৬ হতে প্রতি মাসের শেষ দিনে Month End করা ব্যতিত প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার বেতন-ভাতা পরিশোধ করা যাবে না। নির্দেশনা অমান্য করে বেতন-ভাতা পরিশোধ করা হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ি থাকবেন।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং- ০২-৮১৮০১৪৪

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: -----, জেলা: -----।
- ৬। অফিস কপি।